প্রকল্প পরিচালকের দপ্তর
জাতীয় সংসদ সচিবালয়ের আইসিটি অবকাঠামো, মানব সম্পদ ও প্রযুক্তি দক্ষতা উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
www.ictd.gov.bd

স্মারক নং-৫৬.০০.০০০০.০৩২.১৪.০৩২.১৮-২৬১ তারিখ ২৮.১১.২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "জাতীয় সংসদ সচিবালয়ের আইসিটি অবকাঠামো, মানব সম্পদ ও প্রযুক্তি দক্ষতা উন্নয়ন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মেয়াদকালীন (জুন, ২০২১ পর্যন্ত) সময়ের জন্য নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে:

| ক্রম. | পদের নাম ও গ্রেড | পদ সংখ্যা | সাকুল্যে বেতন | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | সিস্টেম এনালিস্ট/সফটওয়্যার আর্কিটেক্ট (গ্রেড-০৫) | ০১টি | ৬৬,০০০/- | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/ অথবা ইঞ্জিনিয়ারিং এ সমমান ডিগ্রি। |
| ২। | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (গ্রেড-০৮) | ০১টি | ৩৭,১৫০/- | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং স্নাতক/ অথবা ইঞ্জিনিয়ারিং এ সমমান ডিগ্রি। |
| ৩। | সহকারী প্রোগ্রামার/সফটওয়্যার ইঞ্জিনিয়ার (গ্রেড-০৮) | ০১টি | ৩৭,১৫০/- | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/ অথবা ইঞ্জিনিয়ারিং এ সমমান ডিগ্রি। |
| ৪। | হিসাবরক্ষক (গ্রেড-১৩) | ০১টি | ১১,৭৮০/- | বাণিজ্যে স্নাতক বা সমমান। |
| ৫। | টেকনিশিয়ান (নেটওয়ার্ক) (গ্রেড-১৪) | ০৪টি | ১৮,৩০০/- | যে কোন বিষয়ে স্নাতক এবং কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা। |

প্রতিটি পদের দায়িত্ব ও জবাবদিহিতা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে (www.ictd.gov.bd) পাওয়া যাবে।

আবেদন করার নিয়মাবলী/শর্তাবলী:

১। https://erecruitment.bcc.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে প্রতিটি পদের বিপরীতে চাহিত তথ্যাদি পুরণপূর্বক আবেদনপত্র ১৩/১২/২০১৮ তারিখের মধ্যে Submit করতে হবে।

২। ১৫/১২/২০১৮ তারিখে প্রার্থীর বয়স ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধাগণ ও তাঁদের সন্তান-সন্ততি/ নাতি-নাতনির জন্য বয়সের ক্ষেত্রে সরকারি বিধি বিধান প্রযোজ্য হবে।

৩। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করতে হবে।

৪। ক্রমিক নং ১-৩ নং পর্যন্ত আবেদনকারীগণকে ৩০০ টাকা এবং ক্রমিক নং ৪-৫ পর্যন্ত আবেদনকারীগণকে ১০০ টাকা DBBL Mobile Banking (বিস্তারিত অনলাইন ফরমে পাওয়া যাবে) এর মাধ্যমে পরিশোধ করতে হবে। অন্যথায় আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের (ক) জাতীয় পরিচয়পত্র (খ) সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র/প্রশংসাপত্র মূলকপি (গ) চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র পরবর্তীতে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। পদসমূহে অস্থায়ীভাবে সংশ্লিষ্ট গ্রেডে শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে।

৭। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কোন রকম ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

৮। উপরে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত অন্যান্য বিধি-বিধান প্রযোজ্য হবে।

প্রকল্প পরিচালক

| ক্রমিক নং | পদের নাম | দায়িত্ব/ জবাবদিহিতা |
|---|---|---|
| ১. | সিস্টেম এনালিষ্ট / সফটওয়্যার আর্কিটেক্ট | সিস্টেম এনালিস্ট/সফটওয়্যার আর্কিটেক্ট প্রকল্প পরিচালকের অধীনে নিম্নলিখিত কর্মকান্ডের জন্য দায়িত্বপ্রাপ্ত হবেন :<br>• তিনি প্রকল্পের এপ্লিকেশন সফটওয়্যার ও ইআরপি সল্যুশনের জন্য ডিজাইন, উন্নীতকরণের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত হবেন;<br>• তিনি প্রকল্পের এপ্লিকেশন সফটওয়্যার এবং ওয়েবপেজ রক্ষণাবেক্ষণ ও হালনাগাদকরণের জন্য দায়িত্বপ্রাপ্ত হবেন;<br>• প্রকল্প পরিচালকের নির্দেশনা অনুযায়ী তিনি নির্বাচিত বিশেষজ্ঞদের সঙ্গে নির্দিষ্ট ক্ষেত্রে কাজ করবেন;<br>• বিভিন্ন ডাটাবেজ এপ্লিকেশন অফিসের সঙ্গে তিনি ওয়ান/ল্যানের মাধ্যমে যুক্ত করবেন;<br>• কম্পিউটার ব্যবহারকারীর অ্যাকউন্ট/পাসওয়ার্ড এবং অডিট ট্রেইলস ও সিস্টেমের নিয়ন্ত্রণ সংক্রান্ত দায়িত্ব পালন করবেন;<br>• প্রকল্পের সফল সমাপ্তির জন্য তিনি সংশ্লিষ্ট সরকারি অফিস এবং স্টাফদের মধ্যে তথ্য সরবরাহ নিশ্চিত করবেন;<br>• প্রকল্প পরিচালকের নির্দেশনা অনুযায়ী তিনি বিশেষ ক্ষেত্রে দায়িত্ব পালন করবেন;<br>• উর্ধ্বতন কর্তৃপক্ষ কিংবা প্রকল্প পরিচালক কর্তৃক যে কোনে কাজের জন্য তিনি দায়িত্বপ্রাপ্ত হবেন। |
| ২. | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার প্রকল্প পরিচালকের অধীনে নিম্নলিখিত কার্যাবলীর জন্য দায়িত্বপ্রাপ্ত হইবেন:<br>• নেটওয়ার্ক রক্ষনাবেক্ষণ সংক্রান্ত যাবতীয় কর্মকান্ডের জন্য দায়িত্ব প্রাপ্ত হবেন;<br>• বিশেষজ্ঞদের সঙ্গে আলাপ-আলোচনা করে তিনি সংসদ সচিবালয়ের ডাটা সেন্টারের development জন্য সব ধরণের তথ্য-উপাত্ত প্রস্তুত করবেন;<br>• সংসদ সচিবালয়ের নেটওয়ার্ক সম্প্রসারণের সকল কর্মকান্ডের জন্য তিনি দায়িত্বপ্রাপ্ত হবেন;<br>• প্রয়োজনীয়তা অনুযায়ী বিভিন্ন যন্ত্রপাতি স্থাপন, রক্ষণাবেক্ষণ এবং ওয়ান/ল্যান কিংবা অনান্য অ্যাপ্লিকেশন প্যাকেজ চালু রাখার জন্য তিনি দায়িত্বপ্রাপ্ত হবেন।<br>• প্রকল্প পরিচালকের নির্দেশনা অনুযায়ী তিনি বিশেষজ্ঞদের সঙ্গে সুনির্দিষ্ট খাতে কাজ করবেন;<br>• প্রকল্প পরিচালক কিংবা উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তিনি যে কোনো কাজের জন্য দায়িত্ব প্রাপ্ত হইবেন। |

| | | |
|---|---|---|
| ৩. | সহকারী প্রোগ্রামার/ সফটওয়্যার ইঞ্জিনিয়ার | সহকারী প্রোগ্রামার/সফটওয়্যার ইঞ্জিনিয়ার প্রকল্প পরিচালক কর্তৃক নিম্নলিখিত কর্মসম্পাদনের জন্য দায়িত্ব প্রাপ্ত হবেন:<br>• সংসদ সচিবালয়ের বিভিন্ন ডকুমেন্ট ডিজাইন ও পরিকল্পনা এবং সামগ্রিক সফটওয়্যারের চাহিদাপত্র প্রণয়নের ক্ষেত্রে তিনি সিস্টেম এনালিস্টকে সহায়তা করবেন;<br>• প্রকল্পের এপ্লিকেশন সফটওয়্যার এবং ওয়েবপেজ উন্নয়নের সকল কর্মকান্ডের জন্য তিনি দায়িত্বপ্রাপ্ত হইবেন।<br>• প্রকল্প পরিচালকের নির্দেশনা অনুযায়ী তিনি বিশেষজ্ঞদের সঙ্গে সুর্নিদিষ্ট ক্ষেত্রে কাজ করবেন;<br>• ইউজার অ্যাকাউন্ট/পাসওয়ার্ড ও অডিট সংক্রান্ত কন্ট্রোল সিস্টেমের ক্ষেত্রে তিনি সহযোগী হিসেবে দায়িত্বপ্রাপ্ত হবেন;<br>• প্রকল্পের সফল সমাপ্তির জন্য তিনি সংশ্লিষ্ট সরকারি অফিস এবং স্টাফদের মধ্যে তথ্য সরবরাহ নিশ্চিত করবেন;<br>• প্রকল্প পরিচালক কিংবা উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তিনি যে কোনো কাজের জন্য দায়িত্ব প্রাপ্ত হইবেন। |
| ৪. | হিসাবরক্ষক | প্রকল্প পরিচালকের অধীনে তিনি নিম্নলিখিত কার্যাবলী সম্পাদনের জন্য দায়িত্ব প্রাপ্ত হবেন:<br>• প্রকল্প বাস্তবায়নের আর্থিক ব্যবস্থাপনা কার্যক্রমে হিসাবরক্ষণ অফিসারকে সহায়তা প্রদান;<br>• সমস্ত প্রাসঙ্গিক অ্যাকাউন্টিং এবং আর্থিক তথ্য/তথ্য রেকর্ড নিয়ন্ত্রণের ব্যবস্থা করবেন;<br>• সব চালানে রেকর্ড রাখা এবং অগ্রিম পেমেন্ট এর বিষয়ে প্রকল্প পরিচালক এর নিকট পর্যায়ক্রমিক প্রতিবেদন প্রদান;<br>• খসড়া চিঠিপত্র, প্রতিবেদন, ফর্ম, ভাউচার, কাজের আদেশ, এবং বিশেষ নীতি, নিয়ম, পদ্ধতি এবং বিধিগুলো ব্যাখ্যা সহ নথি প্রস্তুতিতে সহায়তা প্রদান;<br>• প্রকল্প পরিচালক এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তিনি যে কোনো কাজের জন্য দায়িত্ব প্রাপ্ত হবেন। |
| ৫. | টেকনিশিয়ান (নেটওয়ার্ক) | প্রকল্প পরিচালকের অধীনে তারা নিম্নলিখিত কর্ম সম্পাদানের জন্য দায়িত্ব প্রাপ্ত হবেন:<br>• তিনি ডাটা সেন্টার পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য সহকারী মেইটেন্যান্স ইঞ্জিনিয়ারের সহযোগী হিসেবে দায়িত্ব পালন করবেন।<br>• সহকারী মেইটেন্যান্স ইঞ্জিনিয়ারের তত্বাবধানে যে কোনো ধরণের যন্ত্রপাতি স্থাপন, রক্ষণাবেক্ষণ এবং ওয়ান/ল্যান প্রতিদিন সচল রাখার জন্য সহযোগী হিসেবে দায়িত্ব পালন করবেন।<br>• সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারের অধীনে তিনি প্রতি দিন নেটওয়ার্ক ইনফ্রা অবকাঠামো নজরদারিতে রাখবেন।<br>• প্রকল্প পরিচালক এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তিনি যে কোনো কাজের জন্য দায়িত্ব প্রাপ্ত হইবেন। |